আজ স্বর্ণদ্বীপে যৌথ সামরিক মহড়া দেখতে যাচ্ছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সেনা, নৌ ও বিমান বাহিনীর যৌথ সামরিক প্রশিক্ষণ মহড়া পরিদর্শনে আজ মঙ্গলবার (২৪ নভেম্বর) নোয়াখালীর স্বর্ণদ্বীপে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব জাহিদুল ইসলাম রনি জানান, সকালে হেলিকপ্টারে স্বর্ণদ্বীপে যাবেন প্রধানমন্ত্রী। সেখানে তিন বাহিনীর যৌথ অনুশীলন, দেশীয় প্রযুক্তিতে তৈরি সামরিক সরঞ্জামের প্রদর্শনী এবং প্রশিক্ষণ কার্যক্রম ঘুরে দেখবেন তিনি। বিকেলে তাঁর ঢাকায় ফেরার কথা রয়েছে।

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর স্পেশাল ফোর্সের সমন্বয়ে প্রথমবারের মতো 'জয়েন্ট স্পেশাল ফোর্সেস এক্সারসাইজ-১-২০২৬'-এর চূড়ান্ত অনুশীলন আজ স্বর্ণদ্বীপে অনুষ্ঠিত হবে।

এতে সেনাবাহিনীর প্যারা কমান্ডো ব্রিগেড, নৌবাহিনীর সোয়াডস এবং বিমান বাহিনীর ৫০১ এয়ার রেজিমেন্ট অংশ নেবে। বঙ্গোপসাগরের বুকে জেগে ওঠা স্বর্ণদ্বীপে এটিই প্রধানমন্ত্রীর প্রথম সফর।

LENS ASIA